**Ex/CBCS/BNG/UG/CORE/5.2/2024**

# স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( তৃতীয় বর্ষ, প্রথম সেমেস্টার )

## সাম্মানিক বাংলা

## কবিতা ও নাটক, পর্ব-১

## কোর্স : ইউ.জি - ৫.২ (কোর)

**সময় : দু'ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

সকল অংশ থেকে উত্তর দাও।

### অংশ - ১

**১.** 'বনলতা সেন' এবং 'শাশ্বতী' — প্রেমের কবিতা হিসেবে এই দু'টি কবিতার মধ্যে কোনটি পড়তে তোমার বেশি ভাল লেগেছে? তুলনামূলক আলোচনায় তোমার ভাবনা বুঝিয়ে দাও। ৮

**অথবা**

**২.** অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতায় ধুয়োর মতো ফিরে ফিরে আসে 'মেলাবেন', কখনও 'তিনি মেলাবেন'। এই ধুয়োর ব্যবহার তুমি কীভাবে পড়তে চাও? ৮

**৩.** সমর সেনের কবিতা সম্পর্কে অভিযোগ ওঠে তিনি যেন আড়চোখে আর্তসমাজের দিকে তাকিয়ে কাব্য রচনা করেন আর সেখানে বেজে ওঠে নৈরাশ্যের একটা বিকৃত সুর। এই অভিযোগ কী তুমি মানবে? ৭





**অথবা**

**৪.** শব্দ নিয়ে সংশয় আর তার ওপর নিরুপায় নির্ভরতার জন্য বেদনার কথা একটা লম্বা সময় জুড়ে অরুণ মিত্রের কবিতায় নানা ভাবে প্রকাশ পেয়েছে। পাঠ্য কবিতার ভিত্তিতে মন্তব্যটি বিচার করে এ বিষয়ে খোলা মনে তোমার ভাবনা জানাও। ৭

### অংশ - ২

**৫.** 'এবং ইন্দ্রজিৎ' নাটকে প্লট আছে, না নেই? প্রসঙ্গটি আলোচনা করে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা কর। ৮

**অথবা**

**৬.** 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিতের নিজেকে নির্মল বলার কারণ কী কী হতে পারে বলে তোমার মনে হয়? ৮

**৭.** তুমি কী মনে কর সমাজ, ধর্ম ও রাজনীতির ত্রিমুখী চাপে পিষ্ট চরিত্র রহিমুদ্দী জীবন-সংগ্রামের পরাভূত নায়ক? এ বিষয়ে তোমার মতামত লেখ। ৭

**অথবা**

**৮.** গণনাট্য ও নবনাট্যের আদর্শগত পার্থক্য আলোচনা করে তুলসী লাহিড়ীর আদর্শগত অবস্থান সম্পর্কে তোমার মত জানাও। ৭

★★★